

"বিজ্ঞপ্তি"

বিষয়ঃ- গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্তি সকল শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০১৫-১৬ সনের বার্ষিক নবায়ন ফি/ছক জমা প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের সকল শ্রেণী যথা- বিশেষ শ্রেণী, প্রথম শ্রেণী (সম্মিলিত), প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণী, তৃতীয় শ্রেণীসহ সকল ক্যাটাগরি (সিভিল, স্যানিটারী, বৈদ্যুতিক/যান্ত্রিক), ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে ২০১৫-১৬ সনের বার্ষিক নবায়ন ফি/ছক জমা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারী করা হলো। তবে প্রকাশ থাকে যে, বিশেষ শ্রেণী, প্রথম শ্রেণী (সম্মিলিত), প্রথম শ্রেণী (বৈদ্যুতিক ও যান্ত্রিক), ২য় শ্রেণী (বৈদ্যুতিক ও যান্ত্রিক), তৃতীয় শ্রেণী (বৈদ্যুতিক ও যান্ত্রিক) ঠিকাদারী প্রতিষ্ঠানের বৈদ্যুতিক এবিসি, বিসি ও সি লাইসেন্সের হালনাগাদ নবায়ন করতঃ সংশ্লিষ্ট তালিকাভুক্তির বোর্ড সভা কর্তৃক যাচাই বাছাই করে নবায়ন ফি জমা দেয়ার আদেশ প্রদান করবেন।

তালিকাভুক্তি শ্রেণী বিন্যাস অনুযায়ী পূর্বের প্রেরণকৃত নবায়ন ছকের প্রতিটি কলাম ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে পূরণ করে ছকের সাথে গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বহির ছায়াকপি, ট্রেড লাইসেন্স, ভ্যাট, হালনাগাদ আয়কর পরিশোধিত সনদ, বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী লাইসেন্সের ছায়াকপি এবং ২০১৪-২০১৫ সনের নবায়নের অনুমতির ছায়াকপি গণপূর্ত অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে আগামী ০১/০৭/২০১৫ তারিখ হতে ৩০/০৭/২০১৫ তারিখের মধ্যে জমা দিতে পারবেন। জমাকৃত নবায়ন ছকগুলি পর্যায়ক্রমে যাচাই বাছাই করে সুপারিশসহ সংশ্লিষ্ট অফিসের (যথা- প্রধান প্রকৌশলীর দপ্তরে, গণপূর্ত জোন ও গণপূর্ত সার্কেল) নিকট সর্বশেষ ১০/০৮/২০১৫ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

ইহা ছাড়া গণপূর্ত অধিদপ্তরের অধীন প্রথম শ্রেণী (সিভিল ও স্যানিটারী), ২য় শ্রেণী (সিভিল ও স্যানিটারী) ও ৩য় শ্রেণী (সিভিল ও স্যানিটারী) ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন ফি ২০০০/- টাকা ও ১৫% মূল্য সংযোজন করসহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অফিসে ৩০/০৯/২০১৫ তারিখের মধ্যে জরিমানা বিহীন জমা দিতে পারবেন। ইহাতে ব্যর্থ হলে ০১/১০/২০১৫ তারিখে প্রাপ্ত ২০১৫-২০১৬ সনের এবং একাধিক বৎসরের নবায়ন ছকগুলি সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক পূরণ করে নির্বাহী প্রকৌশলীর অফিসে জমা প্রদান করতঃ সুপারিশের প্রেক্ষিতে (যথা- প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত জোন ও গণপূর্ত সার্কেল) সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক পরীক্ষা করে নবায়ন ফি বিধি মোতাবেক জমা দেয়ার আদেশ প্রদান করবেন।



(সারওয়ার আহমদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোন নং- ৯৫৬০৯৯৯, ফ্যাক্স নং- ৮৮-০২-৯৫৬৬৬৮

স্মারক নং- স-৩/ইসি-৩৮৮/১৫-১৬ (মূল)/

৪০৮/১০০



তাং- ২৭ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ
২০ মে, ২০১৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,-----।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল,-----।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ,-----।

তাকে এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন ছক জমা দেয়ার লক্ষ্যে তাঁর দপ্তরের নোটিশ বোর্ডে অত্র বিজ্ঞপ্তি টাংগিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। নির্বাহী প্রকৌশলী, ই, জি, পিও সেল, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। বিজ্ঞপ্তি গণপূর্ত ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৫। তত্ত্বাবধায়ক, ----- শাখা, প্রধান প্রকৌশলীর দপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

৬। গার্ড ফাইল/নোটিশ বোর্ড।



(সারওয়ার আহমদ)


তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোন নং- ৯৫৬০৯৯৯, ফ্যাক্স নং- ৮৮-০২-৯৫৬৬৬৮

স্মারক নং- স-৩/ইসি-৩৮৮/১৫-১৬ (মূল)/

৪০৮/১০০



তাং- ২৭ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ
২০ মে, ২০১৫ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ঠিকাদার সমিতি, ২৯/১. ঝিগাতলা, ঢাকা।
- ২। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ইলেকট্রিক ঠিকাদার সমিতি, ১৯ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
- ৩। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ঠিকাদার কল্যাণ সমিতি, গণপূর্ত এনেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।